গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১।
www.lawjusticediv.gov.bd

২৩ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ।
নং-১০.০০.০০০০.১২৫.০১১.০০৩.১৫-১৬৪ তারিখঃ---------------------------
০৬ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ।

# প্রজ্ঞাপন

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের বিগত ০১/০২/২০১৫ খ্রিঃ এর জেএসসি/পনিদ/নিয়োগ-৮ম বিজেএস/২/২০১৩/৩২৩ নম্বর স্মারকের সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত নির্বাচিত প্রার্থীকে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে অস্থায়ী ভিত্তিতে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে সহকারী জজ পদে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন-ভাতাদি) আদেশ, ২০০৯ এর বেতন স্কেলের ষষ্ঠ গ্রেডে ১৬০০০-৬০০X ১৬-২৫৬০০ বেতনক্রম অনুসারে জ্যেষ্ঠতা অক্ষুণ্ণ রেখে নিম্নলিখিত শর্তে নিয়োগ করা হলো এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে বর্ণিত জেলায় সহকারী জজ (শিক্ষানবিশ) হিসেবে পদায়ন করা হলো ঃ

| ক্রমিক নং | মেধা ক্রম | রোল নম্বর | প্রার্থীর পুর্ণ নাম | পিতা/স্বামীর নাম | নিবাস | অনুসৃত কোটা | নিয়োগকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২৬ | ৫২৭ | তাকিয়া সুলতানা | পিতাঃ সাদিয়ার রহমান, স্বামীঃ মোঃ জাহাঙ্গীর আলম | যশোর | মেধা | সহকারী জজ, নড়াইল |

২। **উক্তরূপে নিয়োগপ্রাপ্ত সহকারী জজ এর ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী প্রযোজ্য হবে ঃ**

(ক) শিক্ষানবিশ সহকারী জজ হিসেবে চাকরিতে যোগদানের তারিখ হতে তিন মাস [৪৫ (পঁয়তাল্লিশ) দিন সিনিয়র সহকারী জজ আদালতে, ৩০ (ত্রিশ) দিন যুগ্ম জেলা ও দায়রা জজ আদালতে এবং ১৫ (পনের) দিন জেলা ও দায়রা জজ আদালত/ কার্যালয়ে] জেলা ও দায়রা জজ, নড়াইল এর তত্ত্বাবধানে আদালতের কার্যাবলী পরিচালনা সর্ম্পকে প্রশিক্ষণ গ্রহণ করবেন;

(খ) এই নিয়োগপত্র অনুসারে যোগদানের তারিখ হতে ২ (দুই) বৎসরের জন্য তিনি শিক্ষানবিশ স্তরে থাকবেন। তবে স্থায়ীকরণের পূর্বে উক্ত মেয়াদ এক বা একাধিকবার অতিরিক্ত ২ (দুই) বৎসর পর্যন্ত বৃদ্ধি করা যাবে;

(গ) শিক্ষানবিশ মেয়াদে (বর্ধিত মেয়াদকালসহ) বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সরকার কর্তৃক নির্ধারিত এক বা একাধিক প্রতিষ্ঠানে সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

(ঘ) পরীক্ষা ও প্রশিক্ষণ সম্পর্কে শিক্ষানবিশ সহকারী জজগণের প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা আদেশ, ২০০৮ অনুসরণ করা হবে;

(ঙ) শিক্ষানবিশকালে নিৰ্ধারিত প্রশিক্ষণ গ্রহণ এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হবার পর অন্যান্য শর্তাদি প্রতিপালন সাপেক্ষে তাঁকে চাকরিতে স্থায়ী (Confirm) করা হবে;

(চ) কোন শিক্ষানবিশের শিক্ষানবিশ মেয়াদ বা বর্ধিত মেয়াদ থাকলে তা চলাকালে যে কোন সময় বা উহা শেষ হবার পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয়, বা ক্ষেত্রমত ছিল না কিংবা তাঁর কর্মদক্ষ হবার সম্ভবনা নাই বা তিনি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হননি বা প্রশিক্ষণ সমাপ্ত করেননি তা হলে নিয়োগকারী কৃর্তপক্ষ উক্ত মেয়াদ চলাকালে বা ক্ষেত্রমত উক্ত ৬ (ছয়) মাসের মধ্যে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাতে পারবেন;

(ছ) নিয়োগপ্রাপ্ত সহকারী জজ-কে (ক) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ শুরু হবার পূর্বেই একজন জামানতদারসহ ৫০ (পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশিকালে অথবা শিক্ষানবিশিকাল উত্তীর্ণ হবার ০৩ (তিন) বৎসরের মধ্যে চাকরি হতে ইস্তফা দেন তা হলে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন এবং প্রশিক্ষণ উপলক্ষে ব্যয়িত সমুদয় অর্থ ফেরৎ দিতে তিনি বাধ্য থাকবেন;

(জ) নিয়োগপ্রাপ্ত সহকারী জজ যদি তাঁর ইস্তফা পত্র গৃহীত হবার পূর্বে-অনুচ্ছেদ (ছ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়ে কর্তব্যে অনুপস্থিত থাকেন তা হলে উপ-অনুচ্ছেদ (ছ) অনুযায়ী তাঁর নিকট প্রাপ্য সমুদয় অর্থ The Public Demands Recovery Act, 1913 (Act III of 1913) এর বিধান অনুসারে আদায়যোগ্য হবে;

(ঝ) এই প্রজ্ঞাপন দ্বারা নিয়োগপ্রাপ্ত সহকারী জজ এর জ্যেষ্ঠতা/মেধা তালিকা বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন কর্তৃক প্রদত্ত সুপারিশ অনুসারে নির্ধারিত হয়েছে;

(ঞ) নিয়োগপ্রাপ্ত সহকারী জজ যদি কোন বিদেশী নাগরিককে বিবাহ করেন অথবা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হন তা হলে তাঁর এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(ট) শিক্ষানবিশ সহকারী জজ এর চাকরি সংক্রান্ত অন্যান্য বিষয়ে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সার্ভিস গঠন, সার্ভিস পদে নিয়োগ এবং সাময়িক বরাখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ) বিধিমালা, ২০০৭ ও বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (কর্মস্থল নিৰ্ধারণ, পদোন্নতি, ছুটি

০৬/০৪/১৬

মঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা-বিধান এবং চাকরির অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৭ এবং সরকারের প্রথম শ্রেণীর কর্মকর্তাগণের ক্ষেত্রে প্রযোজ্য নিয়মাবলী বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ ১১৬ সাপেক্ষে অনুসরণ করা হবে;

(ঠ) কোন শিক্ষানবিশ সহকারী জজকে চাকরিতে স্থায়ী করা হলে পেনশন, অর্জিত ছুটি ও অন্যান্য বিষয়ে শিক্ষানবিশকালীন মেয়াদ তাঁর মোট চাকরিকালে অন্তর্ভুক্ত হবে;

(ড) এই প্রজ্ঞাপনে সুনির্দিষ্ট বর্ণিত হয়নি এইরূপ ক্ষেত্রে তাঁর চাকরির শর্তাদি নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রণীতব্য আইন, আদেশ ও বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং

(ঢ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

৩। যদি উপরের শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য হয় তা হলে তিনি আগামী ২১-০৪-২০১৬ খ্রিঃ পূর্বাহ্নে তাঁর নামের পার্শ্বে বর্ণিত জেলার জেলা ও দায়রা জজ এর নিকট যোগদান করবেন। সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজ যোগদান পত্রের অনুলিপি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে প্রেরণ করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত হননি মর্মে এই নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে।

৪। জনস্বার্থে এই আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ-

(মোঃ মাহবুবার রহমান সরকার)
উপ-সচিব (প্রশাসন-১)
ফোনঃ ৯৫৪০৮৮৬।

২৩ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ।

নং-১০.০০.০০০০.১২৫.০১১.০০৩.১৫-১৬৪ তারিখঃ---------------------------
০৬ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ।

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-</u>

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/স্বরাষ্ট্র মন্ত্রণালয়/স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়/সেগুনবাগিচা, ঢাকা।
৫। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬। জেলা ও দায়রা জজ, নড়াইল।
সংশ্লিষ্ট নবনিযুক্ত সহকারী জজ এর যোগদানপত্রের অনুলিপি জরুরী ভিত্তিতে অত্র বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। যদি তিনি যোগদান না করেন তাও অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৭। বিভাগীয় কমিশনার, খুলনা।
৮। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবন, ১৫ কলেজ রোড, ঢাকা।
৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১১। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-২/৩/৪/৫/৮, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, কক্ষ নং ৫০৩, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
১৩। উপ-পরিচালক, ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা হলো।
১৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা।
১৫। জেলা হিসাররক্ষণ কর্মকর্তা, নড়াইল।
১৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিয়যক মন্ত্রণালয়।
১৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৮। বেগম তাকিয়া সুলতানা, পিতাঃ সাদিয়ার রহমান, স্বামীঃ মোঃ জাহাঙ্গীর আলম, ১৮৬/ ডি, শামীম সরণী, তালতলা, ঢাকা।

০৬/০৪/১৬

**(মোঃ শাহাবুদ্দিন)**
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১ (অঃ)।